



স্মারক নং- ৪৭.৬৪.১০৮৮.০১৪.১১.০৭৭.২০.৩০১

তারিখঃ ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	গাড়ীচালক টাকা ৯৩০০-২২৪৯০/- (গ্রেড- ১৬)	০১ (এক)টি	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স এর অধিকারী হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	টোকিদার-কাম-কুক টাকা ৮২৫০-২০০১০/- (গ্রেড- ২০)	০১ (এক)টি	(ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রন্ধন কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল ফরম অনুযায়ী মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া বরাবরে আবেদন করতে হবে যা আরডিএ'র ওয়েবসাইট www.rda.gov.bd এ পাওয়া যাবে। আবেদন আগামী ২৪ জুন ২০২১খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালকের কার্যালয়ে পৌঁছাতে হবে।

০২। ক্রমিক নং ০১ এ উল্লেখিত পদে গত ৩০/১২/২০২০ খ্রি. তারিখে জারিকৃত একাডেমীর নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা আবেদন করেছিলেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০৩। প্রাপ্ত আবেদন সমূহের মধ্যে যোগ্য বিবেচিত প্রার্থীদের তালিকা ২৫ জুন ২০২১ খ্রি. তারিখে এবং পরীক্ষার আসনবিন্যাস ও সময়সূচী ২৬ জুন ২০২১ খ্রি. তারিখে আরডিএ'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। প্রার্থীদের অনুকূলে পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না; ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে এবং পরীক্ষার সময় প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

০৪। নিয়োগ পরীক্ষা আগামী ২৮ জুন ২০২১ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ২নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষরবিহীন, অস্পষ্ট, অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- গ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি সঙ্গে আনতে হবে।
- ঘ) আবেদনকারীর বয়স ২৪ জুন, ২০২১খ্রি. তারিখে ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ঙ) প্রার্থী নির্বাচনকালে সরকারের প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা সনদপত্রের অনুলিপি, গেজেটের সংশ্লিষ্টাংশের ফটোকপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/উপযুক্ত সনদসহ পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের কপি প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।
- ছ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের প্রয়োজনীয় যোগ্যতা ও বয়স থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।
- জ) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- ঝ) অনিবার্য কারণে নিয়োগ পরীক্ষার তারিখ পরিবর্তন বা অন্য কোন তথ্যের পরিবর্তন হলে তা যথাসময়ে প্রার্থীদের ফোনে স্কুদে বার্তার মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ঞ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখেন।
- ট) এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ঠ) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

(খলিল আহমদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)